

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

১৭ ভাদ্র, ১৪২২

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-১৬

তারিখ : -----

০১ সেপ্টেম্বর, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

আমদানিতব্য পণ্যের আমদানিযোগ্যতা নিশ্চিত হয়ে ঋণপত্র প্রতিষ্ঠা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এর স্মারক নম্বর- ২৬.০৩.০০০০.০০১.০৫. ০১১.১৫-৩৯০ তারিখ ১৭/০৮/২০১৫ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

আমদানিকৃত পণ্য খালাস পর্যায়ে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে ঋণপত্র প্রতিষ্ঠার পূর্বে বিদ্যমান আমদানি নীতি আদেশ/বিধি/এসআরও এর শর্তাবলী আবশ্যিকভাবে প্রতিপালনপূর্বক সংশ্লিষ্ট পণ্যের আমদানিযোগ্যতা নিশ্চিত হয়ে ঋণপত্র প্রতিষ্ঠার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক প্রেরিত স্মারকের প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে সংযুক্ত করা হলো।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং- ২৬.০৩.০০০০.০০১.০৫.০১১.১৫-৩৯০


তারিখঃ ০২ ভাদ্র ১৪২২
১৭ আগস্ট ২০১৫

বিষয়ঃ আমদানিতব্য পণ্যের আমদানিযোগ্যতা নিশ্চিত হয়ে ঋণপত্র প্রতিষ্ঠা।

উপর্যুক্ত বিষয়ে সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক কর্তৃক বিদ্যমান আমদানি নীতি আদেশ/বিধি/এসআরও এর শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনের মাধ্যমে আমদানিতব্য পণ্যের আমদানিযোগ্যতা নিশ্চিত না হয়েই বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকূলে আমদানি নিষিদ্ধ/নিয়ন্ত্রিত পণ্য আমদানির জন্য ঋণপত্র প্রতিষ্ঠা করা হচ্ছে। ফলস্বরূপ আমদানি নিষিদ্ধ/নিয়ন্ত্রিত পণ্য আমদানির পর খালাস পর্যায়ে নানাবিধ জটিলতার সৃষ্টি হয়ে থাকে।

২। এপরিস্থিতিতে, আমদানিকৃত পণ্য খালাস পর্যায়ে সৃষ্ট জটিলতা নিরসনের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ঋণপত্র প্রতিষ্ঠার পূর্বে বিদ্যমান আইন/বিধি/এসআরও এর শর্তাবলী আবশ্যিকভাবে প্রতিপালনপূর্বক সংশ্লিষ্ট পণ্যের আমদানিযোগ্যতা নিশ্চিত হয়ে ঋণপত্র প্রতিষ্ঠার জন্য সকল বাণিজ্যিক ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরী।



(মোঃ মফিজুল ইসলাম পাটোয়ারী)
সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।
controller.chief@yahoo.com

মহাব্যবস্থাপক,
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ,
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।